

২৩/৮/১৬ (৩৩৩)  
১৬/৮/১৬



বীজ প্রত্যয়ন এজেন্সীতে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪১তম শাহাদত  
বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপিত

আজ ১৫ আগস্ট ২০১৬ খ্রি: তারিখ মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪১তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। সকাল ৬.০০ ঘটিকায় জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনোমিত রাখা, সকাল ৯.০০ ঘটিকায় আলোচনা সভা এবং বাদ যোহর মিলাদ মাহফিলের মাধ্যমে এ সকল কর্মসূচি পালন করা হয়। আলোচনা সভা সকাল ৯.০০ ঘটিকায় বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এর প্রশিক্ষণ হলে শুরু হয়। কৃষিবিদ জনাব মো. খায়রুল বাশার, পরিচালক (ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কৃষিবিদ জনাব মো. মেহের আলী, অতিরিক্ত পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

আলোচনা সভায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী বাঙালী জাতির স্বাধীনতা সংগ্রামের স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন দর্শন, তাঁর দেশপ্রেম এবং স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়সহ গুরুত্বপূর্ণ দিক সম্পর্কে আলোচনা করেন। আলোচনা শেষে বাদ যোহর বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শাহাদত বরণকারী সদস্যদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। অনুষ্ঠানে বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এর সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

Aly's  
১৬/৮/১৬  
আমিনা বেগম  
বি.সি.এস. (কৃষি)  
বীজ রোগতত্ত্ববিদ  
বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১